

🖪 আল-জ্বিন | Al-Jinn | ٱلْجِنّ

আয়াতঃ ৭২: ৭

💵 আরবি মূল আয়াত:

وَّ اَنَّهُم ظَنُّوا كَمَا ظَنَنتُم أَن لَّن يَّبِعَثَ اللَّهُ اَحَدًا ﴿٧﴾

আর নিশ্চয় তারা ধারণা করেছিল যেমন তোমরা ধারণা করেছ যে, আল্লাহ কাউকে কখনই পুনরুখিত করবেন না।
— আল-বায়ান

আরো এই যে (জ্বিনেরা বলেছিল) তোমরা (জ্বিনেরা) যেমন ধারণা করতে তেমনি মানুষেরা ধারণা করত যে, (মৃত্যুর পর) আল্লাহ কাউকে পুনরুখিত করবে না। — তাইসিরুল

আর জিনরা বলেছিলঃ তোমাদের মত মানুষও মনে করে যে, মৃত্যুর পর আল্লাহ কেহকেও পুনরুত্থিত করবেননা।

— মুজিবুর রহমান

And they had thought, as you thought, that Allah would never send anyone [as a messenger]. — Sahih International

- ৭. এও যে, তারা ধারণা করেছিল যেমন তোমরা ধারণা কর(১) যে, আল্লাহ কাউকেও কখনো পুনরুখিত করবেন না।(২)
 - (১) আয়াতাংশের দু'টি অর্থ হতে পারে। এক. মানুষেরা ধারণা করেছিল, যেমন হে জিন্ন সম্প্রদায় তোমরা ধারণা করেছিলে। [মুয়াস্সার] দুই. জিন্নরা ধারণা করেছিল, যেমন হে মানব সম্প্রদায় তোমরা ধারণা করেছিলে। [কুরতুবী] উভয় অর্থের মূল কথা হলো, মানুষ ও জিন্ন উভয় সম্প্রদায়ের পথভ্রষ্টদের ধারণার বিপরীতে এ কুরআন এক স্বচ্ছ হিদায়াত নিয়ে এসেছে।
 - (২) এ আয়াতাংশের দুটি অর্থ হতে পারে। একটি হলো, "মৃত্যুর পর আল্লাহ তা'আলা কাউকে আর জীবিত করে উঠবেন না।" যা উপরে বর্ণিত হয়েছে। অপরটি হলো, 'আল্লাহ কাউকে রাসূল বানিয়ে পাঠাবেন না।" [কুরতুবী] যেহেতু কথাটি ব্যাপক অর্থবাধক তাই তার এ অর্থও গ্রহণ করা যেতে পারে যে, মানুষের মত জিনদের মধ্যে একদল আখেরাতকে অস্বীকার করতো। কিন্তু পরবর্তী বিষয়ের সাথে সামঞ্জস্যের দিক থেকে দ্বিতীয় অর্থটিই অর্ধিক অগ্রাধিকার পাওয়ার যোগ্য।

তাফসীরে জাকারিয়া

(৭) আর তারা (মানুষরা)ও ধারণা করে; যেমন তোমরা ধারণা কর যে, আল্লাহ কখনই কাউকেও (মৃত্যুর পর) পুনরুত্থিত করবেন না।[1]



[1] بَعْثُ এর দু'টি অর্থ হতে পারে, আল্লাহ কাউকে পুনরুখিত করবেন না অথবা তিনি কাউকে নবীরূপে প্রেরিত করবেন না।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5454

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন